



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ১৪ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার ॥

শহীদ বুদ্ধিজীবী দিবস-২০১৭ উপলক্ষে আজ (১৪ ডিসেম্বর, বৃহস্পতিবার) সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় দেশের জন্য আত্মদানকারী শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ এহসানুল হক।

মুনাজাতে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করা হয় এবং মুসলিম বিশ্বের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া করা হয়।

মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোঃ মোজাহারুল মান্নান, উপ-পরিচালক মোঃ হারেস সিনহাসহ কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লীগণ অংশগ্রহণ করেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা
ইসলামিক ফাউন্ডেশন
মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬